

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

পত্র সংখ্যা- ৪৮.০০.০০০০.০০৬.০২০.৩৪.০০২.২০১২-

তারিখঃ ১৩ জুলাই ২০১৯
২৮ আগস্ট ২০১৭

প্রেরকঃ মোঃ শফিকুল ইসলাম
উপ-সচিব
প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা বাবদ চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত ১৪,১৬,০০,০০০/- (চৌদ্দ কোটি ষোল লক্ষ) টাকা থেকে (জুলাই-ডিসেম্বর ২০১৭ প্রান্তিকে ৬ মাসের জন্য) মোট ৬,১০,২০,০০০/- (ছয় কোটি দশ লক্ষ বিশ হাজার) টাকার বিভাজন মঞ্জুরী পৃষ্ঠাংকণ প্রসংগে।

নির্দেশিত হয়ে খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বাবদ চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে (৩-৬৩০৫-৪৩০১-৫৯২৫) কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত ১৪,১৬,০০,০০০/- (চৌদ্দ কোটি ষোল লক্ষ) টাকা থেকে ৫৮৭ জন খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার সম্মানী ভাতা বাবদ ১ম পর্যায় (জুলাই-ডিসেম্বর ২০১৭ প্রান্তিকে ৬ মাসের জন্য) মোট ৬,১০,২০,০০০/- (ছয় কোটি দশ লক্ষ বিশ হাজার) টাকা ছাড়ের নিমিত্ত নিম্নোক্ত শর্তে বিভাজন মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

ক্রমিক নং	খেতাবের শ্রেণী	ভাতাভোগীর সংখ্যা	মাসিক ভাতার হার	শ্রাষ্ট্র মন্ত্রণালয়	সশস্ত্র বাহিনী বিভাগ	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট	মোট টাকার পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১।	বীরশ্রেষ্ঠ	০৫	৩০,০০০/-	$৩০,০০০ \times ২ \times ৬ =$ $৩,৬০,০০০/-$	$৩০,০০০ \times ৩$ $\times ৬ = ৫,৪০,০০০/-$	---	৯,০০,০০০/-
২।	বীর উত্তম	৫২	২৫,০০০/-	$২৫,০০০ \times ৮ \times ৬$ $= ১২,০০,০০০/-$	$২৫,০০০ \times ৩৬ \times ৬$ $= ৫৪,০০,০০০/-$	$২৫,০০০ \times ৮ \times ৬$ $= ১২,০০,০০০/-$	৯৮,০০,০০০/-
৩।	বীর বিক্রম	১৫৪	২০,০০০/-	$২০,০০০ \times ৩৬ \times ৬$ $= ৪৩,২০,০০০/-$	$২০,০০০ \times ৮১ \times ৬$ $= ৯৭,২০,০০০/-$	$২০,০০০ \times ৩৭ \times ৬$ $= ৪৪,৪০,০০০/-$	১,৮৪,৮০,০০০/-
৪।	বীর প্রতীক	৩৭৬	১৫,০০০/-	$১৫,০০০ \times ৮১ \times ৬$ $= ৭২,৯০,০০০/-$	$১৫,০০০ \times ১৬২ \times ৬$ $= ১,৪৫,৮০,০০০/-$	$১৫,০০০ \times ১৩৩ \times ৬$ $= ১,১৯,৭০,০০০/-$	৩,৩৮,৪০,০০০/-
	সর্বমোট =	৫৮৭		১,৩১,৭০,০০০/-	৩,০২,৪০,০০০/-	১,৭৬,১০,০০০/-	৬,১০,২০,০০০/-

০২। উল্লিখিত টাকা পৃথক অর্থরীতির মাধ্যমে কেন্দ্রালার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা শ্রাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা বরাবরে স্থানান্তরের জন্য অনুরোধ করা হল। স্ব-স্ব প্রতিষ্ঠানের নির্বাহীগণ/আয়গণ-ব্যয়ন কর্মকর্তাগণ (যথাক্রমে শ্রাষ্ট্র মন্ত্রণালয়-১,৩১,৭০,০০০/- টাকা, সশস্ত্র বাহিনী বিভাগ- ৩,০২,৪০,০০০/- টাকা ও মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-১,৭৬,১০,০০০/- সর্বমোট ৬,১০,২০,০০০/- টাকা) যথাযথ বিলের মাধ্যমে যথাক্রমে কেন্দ্রালার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়/ থেকে উক্ত টাকা উত্তোলন করবেন।

০৩। চলতি ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে সাহায্য মঞ্জুরীর অধীন কল্যাণ অনুদান খাতে (৩-৬৩০৫-৪৩০১-৫৯২৫) বরাদ্দকৃত টাকা হতে উক্ত ব্যয় নির্বাহ করা হবে;

০৪। শর্তাবলী :

(ক) ৫৮৭ জন খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাকে সম্মানী ভাতা পরিশোধের জন্য বিদ্যমান নীতিমালাসহ সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে। সম্মানী পরিশোধের ক্ষেত্রে কোন অসিয়ম ছলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে;

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

- (খ) অনুমোদিত বিভাজন অনুযায়ী প্রকৃত প্রয়োজনের নিরীক্ষণে অর্থ ছাড় করতে হবে।
- (গ) এ পর্যন্ত ছাড়কৃত অর্থের প্রকৃত হিসাব যাচাই-বাছাইয়ের জন্য নিরীক্ষা করে তার প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে:
- (ঙ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০১৮ এর মধ্যে চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিয়ে অর্থ বিভাগকে অবহিত করতে হবে:
- (চ) পরবর্তী প্রস্তাব প্রেরণের সময় ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। এ বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৩-০৮-২০১৭ তারিখের ০৭.১০৮.০২০.৬৩.০৫.০১৯.২০১৩ (অংশ-১) সংখ্যক নথির উদ্ধৃতাংশ মূলে সম্মতি রয়েছে।



(মোঃ শফিকুল ইসলাম)

উপ সচিব


টেলিফোনঃ ৯৫৫০১৩৩

পত্র সংখ্যা- ৪৮.০০.০০০০.০০৬.০২০.৩৪.০০২.২০১২- ৪৪০

তারিখঃ ১৩ ডিপ্র ১৪২৪
২৮ আগষ্ট ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলানগর আগারগাঁও, ঢাকা;
- ২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা;
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা;
- ৫। যুগ্ম-সচিব, আইসিটি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলানগর আগারগাঁও, ঢাকা;
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।



(মোঃ শফিকুল ইসলাম)

উপ সচিব

টেলিফোনঃ ৯৫৫০১৩৩